




## ইসরায়েলের বিরুদ্ধে শেষ পর্যন্ত প্রতিরোধ চলবে: হিজবুল্লাহ



হিজবুল্লাহ প্রধান নাসিম কাসেম। ছবি: সংগৃহীত

লেবাননের সশস্ত্র ও রাজনৈতিক সংগঠন হিজবুল্লাহর প্রধান নাসিম কাসেম বলেছেন, ইসরায়েলের বিরুদ্ধে তাদের প্রতিরোধ অব্যাহত থাকবে এবং তা শেষ পর্যন্ত চলবে। শুক্রবার (১০ এপ্রিল) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরার বরাতে জানা যায়, ওই দিন দেওয়া এক বিবৃতিতে তিনি দাবি করেন, স্থলযুদ্ধে ইসরায়েলি বাহিনী কার্যত ব্যর্থ হয়েছে এবং কোনো অভিযানই তারা সফলভাবে সম্পন্ন করতে পারেনি। একই সঙ্গে তিনি বলেন, সামরিক সক্ষমতা থাকা সত্ত্বেও প্রতিপক্ষ ক্ষেপণাস্ত্র হামলা ঠেকাতে সক্ষম হয়নি। এদিকে চলমান আঞ্চলিক উত্তেজনার মধ্যে পাকিস্তানের মধ্যস্থতায় দুই সপ্তাহের একটি যুদ্ধবিরতির কথা উল্লেখ করা হলেও ইসরায়েল তা মানতে রাজি হয়নি বলে জানা যায়। দেশটির প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ লেবাননে সামরিক অভিযান অব্যাহত রাখার অবস্থান পুনর্ব্যক্ত করেছেন।

# LENS ASIA